



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.২৮৫

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬

২৬ মে ২০১৯

বিষয়: নৌপথে মোট ৩৬০০ মে.টন আমন'১৮-১৯ সিদ্ধ চালের চলাচল উপ-সূচি।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২৪/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২৮২ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে সিরাজগঞ্জ জেলার বাঘাবাড়ি এবং পাবনা জেলার নগরবাড়ি ঘাটের মাধ্যমে বরিশাল বিভাগের বিভিন্ন এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের লক্ষ্যে নৌপথে ৩৬০০ মে.টন আমন'১৮-১৯ সিদ্ধ চালের চলাচল সূচি জারি করা হয়। এক্ষণে বাঘাবাড়ি ঘাট ও নগরবাড়ি ঘাট হতে নিম্নোক্তভাবে ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে চলাচল উপ-সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

বাঘাবাড়ি ঘাট হতে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচল সূচি :

ক্রঃনং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	মন্তব্য
১.	মে/তালুকদার এন্টারপ্রাইজ	ডিবিসিসি (খু-ব)	বাঘাবাড়ি ঘাট	বরগুনা	তালতলী এলএসডি	৬০০	আমন' ১৮-১৯ সিদ্ধ চাল	আখানি, রাজশাহী/ রংপুর নিম্নোক্ত খাদ্য গুদাম হতে বাঘাবাড়ি ঘাটে পরিবহণ করাবেন।
২.	মে/সাতক্ষীরা পরিবহন	এ	এ	এ	আমতলী এলএসডি	৬০০	এ	জেলা বগুড়া : দু'পচাচিয়া-৫০০ মে.টন
৩.	মে/শাহ আলম এন্ড কোং	এ	এ	এ	বেতাগী এলএসডি	৬০০	এ	কাহালু-৬০০ মে.টন
৪.	মে/কাজী আমজাদ হোসেন এন্ড সন্স	এ	এ	এ	বরগুনা এলএসডি	৬০০	এ	নন্দীগ্রাম-৫০০ মে.টন
					মোট =	২৪০০		নগরবাড়ি : কামদিয়া-৫০০ মে.টন

নগরবাড়ি ঘাট হতে বরিশাল বিভাগে নৌপথে চালের চলাচল সূচি :

ক্রঃনং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	শ্রেণি	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র (এলএসডি)	পরিমাণ (মে.টন)	পণ্য	মন্তব্য
১.	মে/এসএস প্রকৌশলী	ডিবিসিসি (খু-ব)	নগরবাড়ি ঘাট	পটুয়াখালী	দশমিনা এলএসডি	৬০০	আমন' ১৮-১৯ সিদ্ধ চাল	জেথানি, পাবনা নিম্নোক্ত খাদ্য গুদাম হতে নগরবাড়ি ঘাটে পরিবহণ করাবেন।
								জেলা পাবনা: চাটমোহর-৫০০ মে.টন
								সাথিয়া-৭০০ মে.টন

২.	মে/কাজী সাহিদুর রহমান	ঐ	ঐ	ঐ	বগা এলএসডি	৬০০	ঐ
					মোট =	১২০০	
					সর্বমোট =	৩৬০০	

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-

১। সংগৃহীত বোরো'২০১৯ সিদ্ধি চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

২। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;

৩। প্রতি বার্জে এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্ট মোতাবেক চাল প্রেরণ করতে হবে;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ১০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।



২৬-৫-২০১৯

উৎপল কুমার সাহা


অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী।
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।
- ১০) মেসার্স, ডিবিসিসি (খু-ব) নৌ পরিবহণ ঠিকাদার।



২৬-৫-২০১৯

উৎপল কুমার সাহা
অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)